



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইক্ষ্ট্রাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd




তারিখ: ২৬ ডিসেম্বর ২০২১ খ্রি:

প্রেস রিলিজ

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে ২৬ ডিসেম্বর ২০২১ খ্রি: বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতিত করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। অনুষ্ঠানে কমিশনের বিজ্ঞ সদস্য ড. এ এফ এম মনজুর কাদির এবং জনাব পরিচালক মোঃ সালাহউদ্দিন আহাম্মদ বক্তব্য প্রদান করেন। এছাড়াও উপস্থিত ছিলেন বিজ্ঞ সদস্যমণ্ডলী জনাব জি. এম. সালেহ উদ্দিন, জনাব নাসরিন বেগম এবং কমিশনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

সভাপতির বক্তব্যে কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম স্বাধীনতা যুদ্ধের সকল শহীদ, বীরাঙ্গনা এবং জাতির জনকের আত্মার প্রতি শুদ্ধা জ্ঞাপন এবং তাদের আত্মার মাগফেরাত কামনা করেন। সেই সাথে বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন বাস্তবায়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করবে বলে প্রত্যয় ব্যক্ত করেন। দেশকে উন্নত বিশ্বের কাতারে উন্নীত করতে বাজার ব্যবস্থাপনাকে উন্নত করা প্রয়োজন বলে তিনি অভিমত ব্যক্ত করেন। এছাড়া তিনি অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের গুরুত্ব তুলে ধরেন। মহান মুক্তিযুদ্ধে জাতির পিতার অবদান, মুক্তিযুদ্ধের সকল শহীদ, বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনাদের ঝণ শোধ করার প্রয়াস হিসেবে কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করেন।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে অংশগ্রহণ করে ছিমশিকড় নামের সাংস্কৃতিক দল। অনুষ্ঠান সমাপ্তিকালে শিল্পগোষ্ঠী ও উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন কমিশনের পরিচালক ও চেয়ারপার্সন মহোদয়ের একান্ত সচিব জনাব মুহাম্মদ মুনীরুজ্জামান ভুঁঞ্চ।


(শেখ বুবেল)

জনসংযোগ কর্মকর্তা

ইমেইল: librarian@ccb.gov.bd